রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ০১, ২০১৪

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/ ০১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৮৫-আইন/আয়কর/২০১৪।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার উৎপাদনমুখী শিল্প হিসেবে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত কোন কোম্পানীকে তৎকর্তৃক প্রদেয় আয়করের উপর নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে ও হারে আয়কর রেয়াত প্রদান করিল, যথা:-

ক্র: নং	শর্তাবলী	রেয়াতের হার
ক।	১ জুলাই, ২০১৪ হইতে ৩০ জুন, ২০১৯ পর্যন্ত সময়ের মধ্যে বাণিজ্যিক কার্যক্রম শুরু করিলে বাণিজ্যিক কার্যক্রম শুরুর পরবর্তী ১০ বৎসর পর্যন্ত---	২০%
খ।	বাণিজ্যিক কার্যক্রম শুরু হইয়াছে এইরূপ কোন শিল্প প্রতিষ্ঠান ১ জুলাই, ২০১৪ হইতে ৩০ জুন, ২০১৯ পর্যন্ত সময়ের মধ্যে অনুচ্ছেদ ২ এ উলি-খিত এলাকার বাহিরে সম্পূর্ণরূপে স্থানান্তরপূর্বক বাণিজ্যিক কার্যক্রম শুরু করিলে, স্থানান্তর পরবর্তী বাণিজ্যিক কার্যক্রম শুরুর পরবর্তী ১০ বৎসর পর্যন্ত---	২০%
গ।	বাণিজ্যিক কার্যক্রম শুরু হইয়াছে, এইরূপ কোন শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৩০ জুন, ২০১৯ পর্যন্ত ---------	১০%।

২। যে কোন সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রাধীন এলাকায় অবস্থিত কোন শিল্প প্রতিষ্ঠান এই আয়কর রেয়াত সুবিধা প্রাপ্য হইবে না।

৩। অনুচ্ছেদ ১ এর বিধান এইরূপ শিল্প প্রতিষ্ঠানের জন্য কার্যকর হইবে না, যদি সেই সকল প্রতিষ্ঠান-

(ক) কোন কর অবকাশ সুবিধা প্রাপ্ত প্রতিষ্ঠান হয়, তাহা হইলে কর অবকাশ মেয়াদকালীন সময়ে;

www.goldenbusinessbd.com

GOLDEN BANGLADESH

S.R.O. No. 185/2014 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(খ) এর আয় আয়কর অব্যাহতি প্রাপ্ত হয়, তাহা হইলে কর অব্যাহতির মেয়াদকালীন সময়ে;

(গ) এর আয়ের উপর Income -tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর ক্ষমতাবলে জারীকৃত প্রজ্ঞাপনের অধীন হ্রাসকৃত হারে করারোপিত হয়, তাহা হইলে হ্রাসকৃত হারে করারোপের মেয়াদকালীন সময়ে;

(ঘ) কোন স্টক এক্সচেঞ্জে publicly traded company হিসেবে তালিকাভুক্ত হয়; বা

(ঙ) পরিবেশ অধিদপ্তর কর্তৃক হালনাগাদ পরিবেশ ছাড়পত্র প্রাপ্ত শিল্প প্রতিষ্ঠান না হয়।

০৪। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মো: আমিনুল করিম)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com